

ছাত্র বিক্ষোভের মুখে কিশোরগঞ্জে মাদ্রাসা আল জামিয়াতুল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

কিশোরগঞ্জ, ১২ অক্টোবর, নিজস্ব সংবাদদাতা ॥
জেলায় কওমী মাদ্রাসা আল জামিয়াতুল ইমদাদিয়া
অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। সকল
আবাসিক ছাত্রদের শনিবার সন্ধ্যার মধ্যে হল ত্যাগের
নির্দেশ দেয়া হয়। শনিবার দিনতর ছাত্র বিক্ষোভের
মুখে কর্তৃপক্ষ বোর্ড পরীক্ষাসহ মাদ্রাসার অন্য সকল
কার্যক্রম স্থগিত করে দেয়।

অপরদিকে আবাসিক হলের ছাত্রদের অধিকাংশই
কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে হলে অবস্থান নিয়েছে।
ফলে টান টান উত্তেজনা বিরাজ করছে। পরিস্থিতি
নিয়ন্ত্রণে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা
হয়েছে। একাধিক সূত্রে জানা গেছে, ইতোপূর্বে
মাদ্রাসার ডাইন প্রিন্সিপাল বিএনপি দলীয় সাবেক
এমপি মাওলানা আতাউর রহমান খানকে সাময়িক
বরখাস্তের প্রতিবাদে আন্দোলনরত ছাত্ররা মিটিং-
মিছিল চালিয়ে আসছিল। তাদের দাবি আদায় না
হওয়ায় রবিবার থেকে অনুষ্ঠিতব্য কওমী মাদ্রাসা বোর্ড
পরীক্ষা বয়কটের হুমকি দেয়। উক্ত দাবিতে শনিবার
সকাল থেকেই বিক্ষুব্ধ ছাত্ররা প্রচণ্ড বিক্ষোভ শুরু
করে। এক পর্যায়ে ছাত্রবিক্ষোভের তাণ্ডব ও তোপের
মুখে কর্তৃপক্ষ মাদ্রাসা অনির্দিষ্টকালের জন্য বন্ধ
পরীক্ষা স্থগিত, হল ত্যাগের নির্দেশ ও পুলিশ
মোতায়েন করেন। এদিকে হলে কর্তৃপক্ষের নির্দেশ
উপেক্ষা করে অবস্থানরত ছাত্রদের হলত্যাগে বাধা
করতে বলপ্রয়োগ করা হতে পারে বলে একটি সূত্রে
আভাস পাওয়া গেছে। সূত্রমতে এ কারণে পরিস্থিতি
বিক্ষোভগোনাখ অবস্থায় রয়েছে।